

**বিকেএসপিতে অভিভাবক দিবস পালিত**

১৬ ফেব্রুয়ারি ছিল বিকেএসপি'র প্রশিক্ষণার্থীদের অভিভাবক দিবস। সকাল থেকে অভিভাবকরা তাদের ছেলে-মেয়েদের সাথে দেখা করার জন্য বিকেএসপিতে আসতে থাকেন। ছেলে-মেয়েদের সাথে অভিভাবকদের উপস্থিতিতে বিকেএসপি এক মিলন মেলায় পরিণত হয়। বিকেল ৩ ঘটিকায় মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি সুশাশন প্রতিষ্ঠার নিনিত অংশিজনের অংশগ্রহণে এক সভায় অভিভাবকদের সাথে মতবিনিময় করেন। এ সময় ক্রীড়া কলেজের অধ্যক্ষ মহাপরিচালকের সাথে ছিলেন।



**এশিয়া কাপ আচারি প্রতিযোগিতায় বিকেএসপির ৫ জন আচার**

২০-২৫ ফেব্রুয়ারি ইরাকের রাজধানী বাগদাদে অনুষ্ঠিত এশিয়া কাপ আচারি (স্টেজ ওয়ান) প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য ৮ সদস্য বিশিষ্ট বাংলাদেশ দলের ৫ জন (আব্দুর রহমান আলিফ, মোঃ সাগর ইসলাম, তপু রায়, ফাহমিদা সুলতানা নিশা ও রীনা মেঘলা) বিকেএসপির বর্তমান প্রশিক্ষণার্থী। বাকী ৩ জনের মধ্যে ২ জন বিকেএসপির সাবেক প্রশিক্ষণার্থী অন্য জন বিকেএসপি'র প্রমিলা ক্যাম্পে প্রশিক্ষণ প্রাপ্ত আচার। প্রতিযোগিতায় ২২টি দেশের মোট ১১১ জন তীরন্দাজ অংশগ্রহণ করছে। গত ১৫ ফেব্রুয়ারি জাতীয় দলে সুযোগ পাওয়া বিকেএসপি দলের আচারদের সাথে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি সৌজন্য সাক্ষাৎ করেন।



এশিয়া কাপ আচারি টোকা-২, বাগদাদ, ইরাক ২০২৪ এর অংশগ্রহণকারী বিকেএসপি দলের সঙ্গে মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি।  
তারিখ: ১৬/০২/২০২৪ খ্রি:।

**স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালার শুভ উদ্বোধন**

বিকেএসপির বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এর অন্তর্ভুক্ত ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা বাস্তবায়নের নিমিত্ত 'স্মার্ট বাংলাদেশ বিনির্মাণ বিষয়ক কর্মশালার' শুভ উদ্বোধন করেন বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি। কর্মশালায় বিকেএসপিতে কর্মরত ২৫ জন কর্মকর্তা – কর্মচারী অংশগ্রহণ করেন।



## বিকেএসপি (অ-১৮) ক্রিকেট দল চ্যাম্পিয়ন

রাজশাহী বিভাগীয় স্টেডিয়ামে অনুষ্ঠিত শেখ কামাল জাতীয় (অ-১৮) ক্রিকেট প্রতিযোগিতা ২০২৩-২৪ এর ফাইনাল (৪ দিনের টেস্ট) খেলায় বিকেএসপি খুলনা বিভাগীয় দলের বিপক্ষে ৩৭ রানের ব্যবধানে পরাজিত করে চ্যাম্পিয়ন হবার গৌরব অর্জন করে। বিকেএসপি ১ম ইনিংসে ২০৯/১০ ও ২য় ইনিংসে ১৫৯/১০ রান করে। পক্ষান্তরে খুলনা বিভাগ ১ম ইনিংসে ২১১/১০ ও ২য় ইনিংসে ১২০/১০ রান করতে সমর্থ হলে বিকেএসপি বিজয়ী হয়। ব্যাটিং এ বিকেএসপি দলের মাকনুন কবির ১৫৯ বলে ৮৩ ও তাফসির আরাফাত তাসিব ৭৪ বলে ৫৯ রান করেন। অপরদিকে বল হাতে বিকেএসপির কেএম সোহান ৭.২ ওভারে ১৭ রানে ৪ উইকেট এবং ফারহান শাহরিয়ার ১৯ ওভারে ৪৮ রানে ৪ উইকেট নিয়ে খুলনার ব্যাটিং লাইনে ধস নামায়। বিকেএসপি দলের প্রধান কোচের দায়িত্বে ছিলেন জনাব এস এম আসাদুল হক টুলটুল, কোচ হিসেবে ছিলেন জনাব মো: রুহুল আমিন ও সহকারী কোচের দায়িত্ব পালন করেন মি. লিটন ঘোষা।



## বিকেএসপি'তে ভাষা শহীদের প্রতি বিনম্র শ্রদ্ধা

অমর একুশ, শোক বিহ্বলতা, বেদনা আর আত্মত্যাগের অহংকারে উদ্বেলিত হওয়ার দিন একুশ। একুশের এই চেতনাকে সামনে রেখে বিকেএসপিতে মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ যথাযোগ্য মর্যাদার সাথে পালিত হয়। সকালে জাতীয় পতাকা ও বিকেএসপির পতাকা অর্ধ-নমিতকরণের মধ্য দিয়ে শুরু হয় দিবসটির প্রথম কর্মসূচি। এরপর বিকেএসপির মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল সৈয়দ মোঃ মোতাহের হোসেন, এনডিসি, পিএসসি কর্মকর্তা-কর্মচারী ও প্রশিক্ষণার্থীদের সাথে নিয়ে কালো ব্যাজ ধারণ করে প্রভাত ফেরীতে অংশগ্রহণ করেন এবং কলেজ চত্বরে নির্মিত শহিদ মিনারে পুষ্পমাল্য অর্পণ করেন।



## একুশের অন্যান্য কর্মসূচি গুলোতে সকলের সতঃস্ফূর্ত অংশগ্রহণ

মহান শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ এর অন্যান্য কর্মসূচি গুলোতে মহাপরিচালক কলেজ শাখা আয়োজিত একুশের কবিতা পাঠ, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ও আলোচনা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। তিনি সকলকে ভাষা শহীদের আত্মত্যাগের শক্তিকে কাজে লাগিয়ে সাহস, প্রত্যয় আর উদ্দীপনায় সব প্রতিবন্ধকতাকে অতিক্রম করে সামনে এগিয়ে যাবার নির্দেশনা দেন। দিনের শেষ কর্মসূচিতে বাদ যোহর ভাষা শহীদের আত্মার শান্তি ও মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। উল্লেখ্য বিকেএসপি'র আঞ্চলিক শাখা গুলোতেও একই কার্যক্রম অনুসরণের মধ্য দিয়ে দিবসটি পালন করা হয়।

